



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং-০৮

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০
১৩ জুলাই ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

Guidelines on ICT Security, Version 4.0, 2023 পরিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ডিএফআইএম সার্কুলার নং-১১; তারিখ: ০৯ নভেম্বর ২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানগুলোর আইটি ঝুঁকিসমূহ মোকাবেলার নিমিত্ত “Guidelines on ICT Security for Banks and Non-bank Financial Institutions” অনুসরণ/পরিপালনের নির্দেশনা প্রদান করা হয়েছিল।

৩। Digital Transformation এর প্রেক্ষিতে আর্থিক খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে এবং তথ্য প্রযুক্তিগত অবকাঠামো দ্রুত পরিবর্তিত হচ্ছে। এর পাশাপাশি আইটি সংক্রান্ত নিরাপত্তা ঝুঁকিও বৃদ্ধি পাচ্ছে। ফলে উদ্ভূত নিরাপত্তা ঝুঁকি মোকাবেলায় যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে বর্ণিত গাইডলাইনটির প্রয়োজনীয় পরিবর্ধন ও পরিমার্জন করে “Guideline on ICT Security, Version 4.0” প্রণয়ন করা হয়েছে। হালনাগাদকৃত গাইডলাইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট www.bb.org.bd এ পাওয়া যাবে।

৪। এতদপ্রেক্ষিতে, “Guideline on ICT Security, Version 4.0” এর যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৫। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮